# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৫’ এর আলোকে লক্ষ্মীপুর জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা............................. ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | | উত্তর হামছাদী | কাফিলাতলী (ওয়ার্ড নং ১,২,৩) |
| ২ | | | উত্তর হামছাদী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৩ | | দক্ষিণ হামছাদী | নন্দনপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৪ | | | দক্ষিন হামছাদী (ওয়ার্ড নং (৪,৫,৬) |
| ৫ | | দালাল বাজার | মহাদেবপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৬ | | চররুহিতা | চররুহিতা (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৭ | | | দহশালা (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৮ | | পার্বতীনগর | সোনাপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৯ | | | পার্বতীনগর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ১০ | | বাঙ্গাখাঁ | রাজিবপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ১১ | | | বাঙ্গাখাঁ (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ১২ | | বশিকপুর | বশিকপুর (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ১৩ | | দত্তপাড়া | বটতলী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ১৪ | | উত্তর জয়পুর | উত্তর জয়পুর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ১৫ | | | চৌপল্লী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ১৬ | | চন্দ্রগঞ্জ | পাঁচপাড়া (ওয়ার্ড নং ১,২,৩) |
| ১৭ | | হাজিরপাড়া | আলাদাদপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ১৮ | সদর | | চরচামিতা (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ১৯ | | চরশাহী | জাফরপুর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ২০ | | | রামপুর (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ২১ | | দিঘলী | জামিরতলী (ওয়ার্ড নং ১,২,৩) |
| ২২ | | | খাওড়িয়া (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ২৩ | | মান্দারী | গন্ধব্যপুর (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ২৪ | | লাহারকান্দী | লাহারকান্দী (ওয়ার্ড নং ২,৩,৪) |
| ২৫ | | | সৈয়দপুর (ওয়ার্ড নং ৫,৮,৯) |
| ২৬ | | শাকচর | উত্তর শাকচর (ওয়ার্ড নং ২,৩,৬) |
| ২৭ | | | দক্ষিনশাকচর (ওয়ার্ড নং ১,৪,৯) |
| ২৮ | | ভবানীগঞ্জ | পিয়ারাপুর (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ২৯ | | কুশাখালী | কাঠালি (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩০ | | | নলডগী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৩১ | | তেওয়ারীগঞ্জ | ধর্মপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩২ | | | আধারমানিক (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৩৩ | | চররমনীমোহন | চররমনীমোহন (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩৪ | | টুমচর | উত্তর টুমচর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩৫ | | | টুমচর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৩৬ | | ২নং উত্তর চর বংশী | চর ইন্দুরিয়া (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩৭ | | | দঃ চর বংশী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৩৮ | | ৩নং চরমোহনা | উঃ রায়পুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৩৯ | | | দঃ রায়পুর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৪০ | | ৪নং সোনাপুর | সোনাপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৪১ | | | রাখালিয়া (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৪২ | | ৫নং চরপাতা | পঃ চরপাতা (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৪৩ | | | পূঃ চরপাতা (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৪৪ | রায়পুর | ৬নং কেরোয়া | দঃ কেরোয়া (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৪৫ | | | উঃ কেরোয়া (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৪৬ | | ৭নং বামনী | সাইচা (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৪৭ | | | সাগরদী (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৪৮ | | ৮নং দঃ চর বংশী | চরলক্ষ্মী (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৪৯ | | | কানিবগা (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৫০ | | ৯নং দঃ চর আবাবিল | উদমারা (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৫১ | | | গাইয়ারচর (ওয়ার্ড নং ৭,৮,৯) |

| ক্র: নং | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা........................... ওয়ার্ড |
|---|---|---|---|
| ৫২ | | ১০নং রায়পুর | দেবীপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৫৩ | | | চরটুম (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৫৪ | রামগঞ্জ | ১নং কাঞ্চনপুর | বিঘা (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৫৫ | | | শেখপুরা (ওয়ার্ড নং ৬,৭,৮) |
| ৫৬ | | ২ নং নোয়াগাও | নোয়াগাঁও (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৫৭ | | | শৈরশৈই (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৫৮ | | ৩নং ভাদুর | হানুবাইশ (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৫৯ | | ৪ নং ইছাপুর | ইছাপুর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৬০ | | | শ্রীরামপুর (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৬১ | | ৫নং চন্ডিপুর | মাছিমপুর (ওয়ার্ড নং ৫,৬,৮) |
| ৬২ | | | ফতেহপুর (ওয়ার্ড নং ৩,৭,৯) |
| ৬৩ | | ৬ নং লামচর | লামচর (ওয়ার্ড নং ১,২,৪) |
| ৬৪ | | | কালিকাপুর (ওয়ার্ড নং ৩,৭,৮) |
| ৬৫ | | ৭নং দরবেশপুর | দরবেশপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৬৬ | | | জগৎপুর (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৬৭ | | ৮নং করপাড়া | শ্যামপুর (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৬৮ | | | করপাড়া (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৬৯ | | ৯নং ভোলাকোট | নাগমুদ (ওয়ার্ড নং ১,২.৩) |
| ৭০ | | | ভোলাকোট (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৭১ | | ১০নং ভাটরা | পাঁচরুখী (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৭২ | | | দল্টা (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৭৩ | রামগতি | পৌরসভা | শাহা পাড়া বাজার (৪, ৫, ৬) |
| ৭৪ | | ২নং চরবাদাম | পশ্চিম কলাকোপা ( ৭, ৮, ৯) |
| ৭৫ | | ৩নং চরপোড়াগাছা | পূর্ব কলাকোপা (১, ২, ৩) |
| ৭৬ | | ৪নং চর আলেকজান্ডার | বালুরচর (১,২, ৩) |
| ৭৭ | | | সেবাগ্রাম (৭, ৮, ৯) |
| ৭৮ | | ৫নং চর আব্দুল্লাহ | চরগজারিয়া (৪, ৫, ৬) |
| ৭৯ | | | তেলিরচর (৭, ৮, ৯) |
| ৮০ | | ৬নং চরআলগী | চর হাসান হোসেন (৪, ৫, ৬) |
| ৮১ | | ৭নং চররমিজ | চর মেহার (১, ২, ৩) |
| ৮২ | | ৮নং বড়খেরী | রঘুনাথপুর ( ১, ২, ৩) |
| ৮৩ | | | উত্তর বড়খেরী (৪, ৫, ৬) |
| ৮৩ | | ৯নং চরগাজী | উত্তর টুমচর (১, ২, ৩) |
| ৮৫ | | | দক্ষিণ টুমচর (৪, ৫, ৬) |
| ৮৬ | কমলনগর | ১নং চর কালকিনি | তালতলী (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৮৭ | | | হাজীগঞ্জ (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৮৮ | | ২নং সাহবের হাট | সাহেবের হাট (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৮৯ | | | চর জগবন্ধু (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৯০ | | | মাতাব্বর হাট (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৯১ | | ৩নং চর লরেঞ্চ | উত্তর চর লরেঞ্চ (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৯২ | | ৪নং চর মার্টিন | মুনিসরহাট (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৯৩ | | | চর মার্টিন (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৯৪ | | ৫নং চর ফলকন | লুধুয়া (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৯৫ | | | ইসলামগঞ্জ (ওয়ার্ড নং ১,২,৩) |
| ৯৬ | | ৬নং পাটারীর হাট | পাটারীর হাট (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৯৭ | | ৮নং চর কাদিরা | চর কাদিরা (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ৯৮ | | | চর বসু (ওয়ার্ড নং ৭,৮,৯) |
| ৯৯ | | ৯নং তোরাবগঞ্জ | ফাজিল মিয়ার হাট (ওয়ার্ড নং ৪,৫,৬) |
| ১০০ | | | তছলিম পাড়া (ওয়ার্ড নং ৭,৮,৯) |

শর্তাবলী:

(ক) ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদান থাকতে হবেঃ তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজির দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে;

(ঘ) অযোগ্যতা:

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০.০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমানাড ড্রাফট ( ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

(১) ১৫/০২/২০২৬ খ্রি. হতে ২৫/০২/২০২৬ খ্রি.তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;

(২) উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,লক্ষ্মীপুরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(এস এম মেহেদী হাসান)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, লক্ষ্মীপুর